

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।
www.bhaluka.mymensingh.gov.bd

স্মারক নং: ০৫.৪৫.৬১১৩.০০১.৮১.০০২.২২- ৪৮

০৭ মাঘ ১৪২৮
তারিখ: _____
২১ জানুয়ারি ২০২২

বিজ্ঞপ্তি

এতদ্বারা ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলার সকল বীর মুক্তিযোদ্ধাগণের অবগতির জন্য জনানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১২/০১/২০২২ খ্রি. তারিখের মুবিম/পিডি/অ.বি.মু.আ.নি.প্র/ম-০১/২০২১/৪০১ নং স্মারকমূলে “অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের বীর নিবাস নির্মাণ-২য় পর্যায়” শীর্ষক প্রকল্পের আওতায় অন্ত উপজেলার অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের নিকট হতে নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত শর্তাবলীনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলী

- ০১। ২১/০১/২০২২ খ্রি. তারিখ সকাল ০৯.০০ টা হতে ২৯/০১/২০২২ খ্রি. তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত আবেদন করা যাবে।
- ০২। আবেদনপত্র উপজেলা নির্বাহী কর্মকর্তা/ উপজেলা সমাজসেবা কার্যালয়ে সরাসরি/ যে কোন মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে জমা প্রদান করতে হবে।
- ০৩। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে আবেদন দাখিল করতে হবে।
- ০৪। আবেদনকারীকে কমপক্ষে ১১৩১ বর্গফুট (দৈর্ঘ্য ৩৯ ফুট, প্রস্থ ২৯ ফুট) নিষ্কাটক ও উপযুক্ত জমি সংক্রান্ত খতিয়ান, দলিল ও আনুষঙ্গিক অন্যান্য প্রমাণক দাখিল করতে হবে।
- ০৫। আবেদনকারীকে বীরমুক্তিযোদ্ধার স্বপক্ষে সকল প্রমাণকের (গেজেট, লালমুক্তিবার্তা, ভারতীয় তালিকা) লাইন কপি এবং সমর্পিত তালিকার নম্বর (এম আই এস) কপি অবশ্যই আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- ০৬। ‘ওয়ারিশ হিসেবে একাধিক স্ত্রী/স্ত্রী থাকলে ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন জুডিশিয়াল স্ট্যাম্পে সময়োত্তামূলক ক্ষমতা অর্পণপত্র, ওয়ারিশান সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৭। সংশ্লিষ্ট কমিটি কর্তৃক আবেদনপত্র যাচাইয়ের সময় উপর্যুক্ত প্রমাণাদিসহ আবেদনকারীকে সশরীরে উপস্থিত থাকতে হবে।
- ০৮। বর্ণিত প্রকল্প বাস্তবায়নের যে কোন পর্যায়ে গুরুতর অসম্পূর্ণতা (Substantive Incomplete) ধরা পড়লে আবেদনপত্র বাতিল হবে।
- ০৯। কোন আবেদনকারী জ্ঞাতসারে মিথ্যা তথ্য প্রদান করলে বা প্রয়োজনীয় তথ্য গোপন করলে বা টেম্পোরিং করলে বা কোন জাল প্রমাণাদি দাখিল করলে বা কোন অসদুপায় অবলম্বন করলে বা অনেকটি আর্থিক লেনদেন করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট কমিটির নিকট প্রতীয়মান হলে আবেদনপত্র বাতিলসহ আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০০০০
২৭.০৭.২০২২

(সালমা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
ভালুকা, ময়মনসিংহ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-১৫৬ ময়মনসিংহ ১১ ভালুকা।
- ২। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), অসচল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
- ৫। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
- ৬। উপজেলা সমাজসেবা অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
- ৭। উপজেলা প্রকৌশলী, ভালুকা, ময়মনসিংহ।
- ৮। সহকারী প্রোগ্রামার, ভালুকা, ময়মনসিংহ (সংশ্লিষ্ট জেলা ও উপজেলার ওয়েব সাইটে পত্রখনা আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৯। নোটিশ বোর্ড (উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়/ সমাজসেবা অফিস/ মুক্তিযোদ্ধা কমপ্লেক্স) ভালুকা, ময়মনসিংহ।